শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৯৯ (৪০) তারিখ ঃ ২২ মাঘ, ১৪২৯ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৯ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৮-০২-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,.........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব.......................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৯৯ (৪০)/১(৪) তারিখ ঃ ২২ মাঘ, ১৪২৯ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ফেব্রুয়ারি, ২০২৩ সভার তারিখ: ০৯/০২/২০২৩, সময় : বেলা- ১২.২০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722416887 | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718688677 | sumonsaha katiadi@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | uaofulkuri@gmail.com | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320-133438 | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01769407421 | krlpbs_fulbari20@yahoo.com | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | Sabuj Kumar gupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01793069797 | ummekulsum urdofulbari@gmail.com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ~~01710425101~~ 01712-413782 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425109 | hasandpi10@gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415711 | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

## জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : ফেব্রুয়ারি, ২০২৩ সভার তারিখ: ০৯/০২/২০২৩, সময় : বেলা- ১২.২০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727967825 | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | |

উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## ফেব্রুয়ারি, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ০৯ ফেব্রুয়ারি, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

**১৪৩০ বঙ্গাব্দের হাট-বাজার ইজারা সংক্রান্ত :**

উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় ফুলবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন ১৫টি হাট-বাজার ১৪৩০ সনের ইজারার জন্য উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণীসহ দাখিলকৃত দরপত্রের তুলনামূলক বিবরণী সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ :

**১৪৩০ বঙ্গাব্দের হাট-বাজার ইজারার তুলনামূলক বিবরণীঃ**

| ক্র:নং | হাট-বাজারের নাম | দরপত্র দাতার নাম ও ঠিকানা | দরদাতা কর্তৃক প্রদত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বালারহাট-বাজার | ১) মো: অলিউর রহমান, পিং মৃত: ইব্রাহিম আলী, পূর্ব ফুলমতি, ডাকঘর: নাওডাঙ্গা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ২৭,৫০,৫০০/- | ২য় |
| | | ২) নূর ইসলাম, পিতা আজিম উদ্দিন, গ্রাম-পশ্চিম ফুলমতি, ডাকঘর: নাওডাঙ্গা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ২৮,০০,০০০/- | সর্বোচ্চ এবং সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ২ | বোর্ডেরহাট-বাজার | (১) শ্রী রতন কুমার সেন, পিং- ধীরেন্দ্র নাথ সেন, গ্রাম: তালুক শিমুলবাড়ী, ডাকঘর-মিয়াপাড়া, ফুলবাড়ী, কুড়িগ্রাম । | ১০,১০০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ৩ | ফুলবাড়ীহাট-বাজার | (১ মো: জাহাঙ্গীর আলম, পিং-মৃত আহাম্মদ আলী, সাং-কবিরমামুদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ১৩,৩১,৬৫৫/- | ২য় |
| | | (২) মো: আনোয়ারুল হক রজব, পিং- মৃত আজিজার রহমান, সাং-চন্দ্রখানা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১৪,৫০,০০০/- | সর্বোচ্চ এবং সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ৪ | খড়িবাড়ীহাট-বাজার | (১) রেদওয়ান আলী শেখ, পিতা মৃত আহাম্মদুর রহমান শেখ, গ্রাম-নওদাবশ, ডাকঘর-রাবাইতারী ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৫৬,০০,১৫০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ৫ | বড়ভিটাহাট-বাজার | (১) মো: হাফেজ উদ্দিন ব্যাপারী, পিতা মৃত-আছর উদ্দিন, সাং-বড়ভিটা, ডাকঘর-নিউ বড়ভিটা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১,৫২,০০০/- | সর্বোচ্চ এবং সরকারি মূল্যের চেয়ে বেশি |
| | | (২) মো: রেজাউল করিম খন্দকার, পিং-মো: আব্দুস ছাত্তার খন্দকার, সাং- বড়ভিটা, ডাকঘর-নিউ বড়ভিটা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১,৫১,৭৫৬/- | ২য় |

(চলমান/২)

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | বড়লই কাছারী বাজার | (১) মো: আব্দুল কাদের ব্যাপারী, পিতা মৃত সাহাদত আলী ব্যাপারী, গ্রাম- বড়লই, ডাকঘর-বড়লই,, বড়ভিটা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১০,৯০০/- | সরকারী মূল্যের চেয়ে বেশি |
| ৭ | নেওয়াশীহাট-বাজার | (১) মো: আব্দুল্লাহ আল ইমরান, পিতা মৃত নাজিম উদ্দিন, গ্রাম-বোয়াইলভীর, ডাকঘর :, নেওয়াশী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১০,৫৫,০০০/- | ২য় |
| | | (২) মো: হারুনুর রশিদ, পিতা: মৃত আব্দার আলী, গ্রাম-রাবাইতারী, পো: নেওয়াশী ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৩০,০০০/- | ৪র্থ |
| | | (৩) মো: শফিকুল ইসলাম, পিতা মো: আফসার আলী, সাং-বোয়াইলভীর, ডাকঘর-নেওয়াশী ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৯,৫০,০০০/- | ৩য় |
| | | (৪) মো: আজিজুল হক, পিতা মৃত আব্দুস সামাদ, সাং-রাবাইতারী, ইউনিয়ন-ভাঙ্গামোড়, ডাকঘর-নেওয়াশী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১১,৬০,৫০০/- | সর্বোচ্চ এবং সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ৮ | পাখীরহাট-বাজার | (১) এস.এম. ইদ্রিস আলী, পিং- মৃত এস.এম আইয়ুব আলী, সাং- কুটিনগরাজপুর, ডাঘঘর-খোচাবাড়ী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৮,৬৫,০০০/- | সরকারী মূল্যের চেয়ে বেশি |
| ৯ | খোচাবাড়ীহাট | (১) মো: মনিরুজ্জামান তালুকদার, পিং-মো: আমিরুল ইসলাম তালুকদার, সাং- ভাঙ্গামোড়, খোচাবাড়ী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৪,৬৭,০০০/- | সর্বোচ্চ এবং সরকারী মূল্যের চেয়ে বেশি |
| | | (২) মো: রুহুল আমিন সরদার, পিং- মো: ইয়াকুব আলী, সাং-খোচাবাড়ী, ডাকঘর-খোচাবাড়ী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৪,২১,,০০০/- | ২য় |
| ১০ | গংগারহাট-বাজার | (১) মো: বাবুল হোসেন, পিতা: মো: মনছার আলী, গ্রাম-আজোয়াটারী, ডাকঘর-গংগারহাট ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৫,৬৫,১১০/- | সর্বোচ্চ এবং সরকারী মূল্যের চেয়ে বেশি |
| | | (২) মো: জালাল উদ্দিন, পিতা মৃত সৈয়দ আলী, গ্রাম-আজোয়াটারী, ডাকঘর-গংগারহাট ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৫,৬১,২১০/- | ২য় |
| ১১ | বেড়াকুটিহাট-বাজার | (১) মো: আব্দুল হাকিম, পিতা মো: সায়েদ আলী, গ্রাম-অনন্তপুর, ডাকঘর-ঘুঘুরহাট, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ১,৫৭,৬০০/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |
| ১২ | ঘুঘুরহাট-বাজার | (১) মো: আলম মিয়া, পিং- মৃত ওছমান আলী, সাং- চন্দ্রখানা, ডাকঘর-ফুলবাড়ী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ৯০,১৩১/- | সরকারি মূল্যের চেয়ে বেশি |

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে ১৪৩০ সনের উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সভার কার্যবিবরণী এবং ১ম দফায় প্রাপ্ত দরপত্রসমূহের তুলনামূলক বিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। শিবেরহাট-বাজার, খোলারহাট-বাজার ও কাশীপুরহাট-বাজার ১৪৩০ বঙ্গাব্দের জন্য পরবর্তী দফাসমূহে দরপত্র বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

সভায় সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২.৪ অনুচ্ছেদ এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(ঢ) অনুচ্ছেদ মোতাবেক সংবাদপত্রের বিজ্ঞপ্তি বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা থাকায় ১৪৩০ সনের হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে অত্র কার্যালয়ের ২৩/০১/২০২৩ তারিখের ০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০৩১.২৩-৫৯ নং স্মারকে ১৪৩০ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি দৈনিক ভোরের কাগজ ও দৈনিক প্রতিদিনের বার্তায় ১দিনের জন্য প্রকাশ করে পত্রিকাদ্বয়ের বিজ্ঞাপন ম্যানেজার নিম্নোক্ত বিল দাখিল করেছেন:

(চলমান/৩)

| ক্রমিক নং | পত্রিকার নাম | বিলে টাকার পরিমাণ | ৪% উৎসে কর | ১৫% ভ্যাট | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দৈনিক ভোরের কাগজ | ২৭,০০০/- | - | ৪,০৫০/- | ৩১,০৫০/- | |
| ০২ | দৈনিক প্রতিদিনের বার্তা | ৯,৯০০/- | ৩৯৬/- | ১,৪৮৫/- | ১১,৭৮১/- | |

সভায় বিস্তারিত আলোচনান্তে দু'টি পত্রিকার বিলে দাবীকৃত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ , ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান গত ১১/০৮/২০২২ তারিখ অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অধীন উপজেলা কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল এবং গেট নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য নিয়মানুযায়ী দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রে অংশগ্রহণকারীগণের মধ্যে মেসার্স সাইকি বিল্ডার্স, ফুড অফিস রোড, নীলফামারী নির্বাচিত হলে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমানে প্রায় ৫০% কাজ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং কাজের অবস্থা ও গুনগত মান সন্তোষজনক রয়েছে। অবশিষ্ট কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য নিয়োজিত প্রতিষ্ঠান ১ম চলতি বিলের আবেদন করেছেন। যা সভায় আলোচনান্তে অনুমোদন করা যেতে পারে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং চলতি অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে ১ম চলতি বিলের = ২৫,২৮,৯৩৪/-টাকা নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| ক্র:নং | কাজের নাম | চুক্তিমূল্য | ১ম চলতি বিলে টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট নির্মাণ করণ। | ২০,৮৯,৯৯৯/- | ১০,১২,৫৭৫/- | |
| ২ | ফুলবাড়ী উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণকরণ। | ৩৫,১৪,৯৯৯/- | ১৫,১৬,৩৫৯/- | |
| | মোট= | ৫৬,০৪,৯৯৮/- | ২৫,২৮,৯৩৪/- | |

| | | | |
|---|---|---|---|
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের ফেব্রুয়ারি, ২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন :<br>(ক) বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ১০.১৩৫ হে: এর মধ্যে ৬.৮৫০ হে: জমিতে ধানের চারা রোপন করা হয়েছে ২৩/২/২০২৩ পর্যন্ত বোরো ধান রোপন ১০.১০০ হে: জমি।<br>(খ) সমন্বয়ে বোরো ধান চাষাবাদ কর্মসূচির আওতায় কুটিচন্দ্রখানা ব্লকের দাশিয়ারছড়ায় ৫০ একর জমিতে ১টি ব্লক প্রদর্শনী স্থাপন করা হয়েছে।<br>(গ) পতিত জায়গা ব্যবহার করে পরিবারের সব্জির চাহিদা মেটানোর জন্য বরাদ্দ প্রাপ্ত ৬৩টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের নিমিত্তে কৃষক নির্বাচন করা হয়েছে।<br>(ঘ) চলতি রবি মৌসুমে ডিলার পর্যায়ে রাসায়নিক সার বিতরণ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছ। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৪)

<table>
<tr>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি উপজেলা প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারী হাসপাতাল এর পুরাতন বিল্ডিংয়ের অপসারণের প্রাক্কলন সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:<br>Valuation of Upazila Live Stock Office (Old Bullding)
<table>
<tr><th>SL N0</th><th>Item Name</th><th>Estimate cost(Tk)</th></tr>
<tr><td>1</td><td>Computer Room old Building</td><td>24,191.00</td></tr>
<tr><td>2</td><td>Office old building</td><td>17,216.00</td></tr>
<tr><td>3</td><td>Office old building</td><td>17,943.00</td></tr>
<tr><td>4</td><td>VS Quarter old building</td><td>16,581.00</td></tr>
<tr><td colspan="2">Total Valuation Cost Estimate (Tk)</td><td>75,931.00</td></tr>
<tr><td colspan="3">Cost Estimate in word : Seventy five Thousand hundred Thirty One Taka only.</td></tr>
</table>
</td>
<td>(১) বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) উপজেলা প্রাণিসম্পদ অফিস ও ভেটেরিনারী হাসপাতালের পুরাতন বিল্ডিংয়ের অপসারণ ও প্রাক্কলন সভায় অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা প্রাণি... কর্মকর্তা, ফুলবা... কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td>
<td>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।</td>
<td>মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে।</td>
<td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)।</td>
</tr>
<tr>
<td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির কার্যক্রম চলমান রয়েছে;<br>২। ২০২৩ সনের বিনা মূল্যের সব বিষয়ের পাঠ্যপুস্তক সকল বিদ্যালয়ে পৌঁছানো হয়েছে;<br>৩। বিষয় ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণ ০৮/০২/২০২৩ হতে শুরু হয়েছে;<br>৪। যে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) জানুয়ারি, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০১ জনকে ১,৫৪,০৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জানুয়ারি, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ৪,০৪,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জানুয়ারি, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩৫৬ জনকে ১,০৫,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে।</td>
<td>১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>২) অফিস ঘর মেরামত ও বৈদ্যুতিক ওয়ারিং এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়।</td>
<td>১।উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| | ২। জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ৭৯১৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৩%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৫% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | | |
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং জেলে নিবন্ধন ও জেলেদের জাতীয় পরিচয়পত্রের কাজ হালনাগাদকরণ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ২০২২ সালের এইচএসসি/সমমান পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৯৫৬ জন, পাশ ৫৫৩ জন, পাশের হার ৫৭.৮৫%, আলীম পরীক্ষার্থী ১০১ জন, পাশ-৮৩ জন। পাশের হার ৮২.১৮%। এইচএসসি (বিএম) পরীক্ষার্থী =৪৬৭ জন, পাশ =৪৪০ জন, পাশের হার ৯৪.২২%।<br>২। ২০২২ শিক্ষাবর্ষের আইএমএস তথ্য চলমান রয়েছে।<br>৩। নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ক উপজেলা পর্যায়ে ৬৩২ জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং প্রশিক্ষণবিহীন অবশিষ্ট শিক্ষকের তালিকা প্রস্তুতকরণের কাজ চলমান।<br>৪। নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ক প্রতিষ্ঠান প্রধানগণের প্রশিক্ষণের উদ্দেশ্য তথ্য প্রেরণ সম্পন্ন হয়েছে।<br>৫। ২০২৩ শিক্ষাবর্ষে নতুন বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান।<br>৬। ৬ষ্ঠ হতে ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য সংশোধন কার্যক্রম চলমান।<br>৭। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২১-২০২২ চক্রে ৬(ছয়)টি ইউনিয়নে ৫৭৯৫ জন উপকারভোগী রয়েছে। উক্ত উপকারভোগীদের নভেম্বর/২০২২ মাসের চাউল (খাদ্য শষ্য) বিতরণ করা হয়েছে।<br>(২) ২০২৩-২০২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জানুয়ারি, ২০২৩ হতে নতুন উপকারভোগী অন্তর্ভুক্ত হবে। উপকারভোগী নির্বাচন ও যাচাই কার্যক্রম চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলায় মোট বরাদ্দ ৪৯০০টি। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| | (৩) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ চলমান রয়েছে। জানুয়ারি ২০২৩ হতে নতুন ব্যাচের ১০(দশ) জনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>(৫) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) ১৮তম ব্যাচের প্রশিক্ষণ শুরু করা হয়েছে। (৬) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। নভেম্বর/২২ মাস হতে নাস্তা প্রদান করা হচ্ছে এবং জানুয়ারি/২৩ হতে নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হবে। | | |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এ ছাড়া গত ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে আদায়ের হার বৃদ্ধি করতে তাগাদা দেয়া হয়েছে। ১) ২০২২-২৩ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ G2P সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতি সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২) চলতি ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগীদের ফিজিক্যাল যাচাই-বাছাইয়ের বিষয়ে জানান যে, গত সেপ্টেম্বর, ২০২২ মাসের সমন্বয় সভায় উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ফুলবাড়ী উপজেলার সকল ধরণের ভাতাভোগীদের উপস্থিতিতে মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগী যাচাই করা হয়েছে। ভাতা ভোগীদের অধিকাংশই বয়স্ক ও প্রতিবন্ধি হওয়া যাচাই-বাছাই কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়েছে এবং সেইসাথে প্রতিস্থাপনের কিছুটা বিলম্ব হওয়ায় কিছু সংখ্যক ভাতাভোগীর পে-রোল প্রেরণ করা যায়নি। ৩) সকল প্রতিবন্ধী ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গ্রহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকায় ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দ্রুততার সাথে প্রতিস্থাপন করত: শতভাগ পে-রোল প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দিয়ে থাকে। তাছাড়া ফসলী কর্জ; মেয়াদী কর্জ (সেচযন্ত্র); আবর্তক (কৃষি); সদাবিক; পল্লী প্রগতি প্রকল্প; পদাবিক; উদকনিক; গুচ্ছগ্রাম এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণ, আদায় কার্যক্রম চলমান। বিতরণ বছরে ২.০০ ক্রমপুঞ্জি সর্বমোট =৪৩১০.৬৭, আদায় বছরে ১০.২২, ক্রমপুঞ্জি ৩৮৯৮.৪৩ হার ৯০%, উপকারভোগী ১০৮২৭ জন। প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪, অর্জন বছরে ২৪, ক্র:পুঞ্জি ২১৫০। ধরণ : সেলাই, এমব্রয়ডারি, শতরঞ্জি বুনন, বাটিক বুটিক। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |

(চলমান পাতা/৭)

| | | | |
|---|---|---|---|
| চেয়ারম্যান বড়ভিটা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তাঁর ইউনিয়নের অন্তর্গত বড়লই গ্রামের কতিপয় লোকজন "বে-আইনীভাবে দখলকৃত সরকারি সম্পত্তি সংযোগ রাস্তা অবমুক্ত করে জনগণের চলাচলের জন্য উন্মুক্তকরণের লক্ষ্যে" বিভিন্ন দপ্তরে অভিযোগ করেছেন। যে রাস্তা নিয়ে তাদের অভিযোগ সেটি হলো আমছা-আ-বাজার হতে নজর মামুদ পর্যন্ত মাটির রাস্তা। বর্ণিত রাস্তাটি বর্তমানে জনসাধারণের জন্য বিনাবাধায় ব্যবহারের জন্য উন্মুক্ত রয়েছে মর্মে চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ জানান। স্থানীয় প্রশাসনের লোকজনসহ জনপ্রতিনিধিবৃন্দ ইতোপূর্বে বেশ কয়েকবার ঘটনাস্থল পরিদর্শন করে ব্যবস্থা নেওয়া হয়েছে মর্মে সভাকে তিনি অবহিত করেন। এ ধরণের অভিযোগ ভিত্তিহীন এবং বাস্তবতাবিবর্জিত বলে তিনি সভাকে অবহিত করেন। রাস্তাটি বহুদিন পূর্ব হতে জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত আছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা যেতে পারে বলে অত্র সভায় সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে রাস্তাটি বহুদিন পূর্ব হতে জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত আছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।<br>২) উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম ।<br>৩) চেয়ারম্যান বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| বিবিধ | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত ফেব্রুয়ারি/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৬,৩৬৬/-(ছয় হাজার তিনশত ছয়ষট্টি) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয় । | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত ফেব্রুয়ারি/ ২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৬,৩৬৬/- (ছয় হাজার তিনশত ছয়ষট্টি) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-১২০

তারিখ : ৩০ মাঘ, ১৪২৯ / ১৩ ফেব্রুয়ারি, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ..........................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.....................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৩/০২/২৩

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

১৩/০২/২৩